



‘সমানো মন্ত্র: সমিতি: সমানী’

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 3rd Semester Examination, 2023

GE2-P1-BENGALI

NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) ফোর্ট উইলিয়াম কলেজ কবে প্রতিষ্ঠিত হয়? এই কলেজ কেন প্রতিষ্ঠিত হয়েছিল? এখান থেকে প্রকাশিত প্রথম বাংলা গদ্যগ্রন্থের নাম কী?
- (খ) প্রকাশকাল-সহ মধুসূদন দত্ত-র তিনটি কাব্যগ্রন্থের নাম লেখো।
- (গ) গিরিশচন্দ্র ঘোষ কী ধরনের নাটক লেখার জন্য বেশি বিখ্যাত? তাঁর এই ধরনের চারটি নাটকের নাম লেখো।
- (ঘ) বিজ্ঞান ভট্টাচার্য কোন নাট্য আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন? প্রকাশকাল-সহ তাঁর দু’টি নাটকের নাম উল্লেখ করো।
- (ঙ) বাংলা উপন্যাসের ‘ত্রয়ী বন্দ্যোপাধ্যায়’ কারা? তাঁদের জন্ম ও মৃত্যু সাল লেখো।
- (চ) ‘অগিনিহিতি’ কাকে বলে? উদাহরণ দাও।
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) বাংলা গদ্যসাহিত্যে উইলিয়াম কেরির ভূমিকা আলোচনা করো।
- (খ) বাংলা কাব্যজগতে ‘ভোরের পাখি’ কাকে বলা হয়? তাঁর কবিপ্রতিভা সংক্ষেপে বুঝিয়ে দাও।
- (গ) প্রহসন রচনায় মধুসূদন দত্ত-র কৃতিত্ব আলোচনা করো।
- (ঘ) ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায় কী কী অভিনবত্ব দেখিয়েছেন বুঝিয়ে দাও।
- (ঙ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত সামাজিক উপন্যাসগুলির নাম লেখো (প্রকাশকাল-সহ)। এগুলির বৈশিষ্ট্য সংক্ষেপে বুঝিয়ে দাও।
- (চ) উদাহরণ-সহ সংজ্ঞা লেখোঃ (যে-কোনো দু’টি)
স্বরসংগতি, সমীভবন, লোকনিরুক্তি।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে ‘বাংলা গদ্যের জনক’ বলা যায় কিনা যুক্তিসহ আলোচনা করো।
- (খ) বাংলা নাটকের ইতিহাসে দীনবন্ধু মিত্র-র ভূমিকা বুঝিয়ে দাও।
- (গ) রবীন্দ্রনাথের হাতেই বাংলা ছোটগল্পের উদ্ভব, বিকাশ ও পরিণতি ঘটেছে—আলোচনা করো।
- (ঘ) বাংলা উপন্যাসের ধারায় বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়-এর অবস্থান ও বিশিষ্টতা বুঝিয়ে দাও।

—x—